



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র পরিদপ্তর, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
ঢাকা-১২১৫।

বি.এসসি-ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ভর্তি পরীক্ষা-২০১৭ পরীক্ষার্থীদের প্রতি নির্দেশাবলী

ভর্তি পরীক্ষা নিম্নবর্ণিত নিয়মাবলী অনুযায়ী অনুষ্ঠিত হবে :

১. পরীক্ষার বিষয়সমূহ ও নম্বর : গণিত-৬০, পদার্থ-৬০, রসায়ন-৬০ এবং ইংরেজি-২০: মোট ২০০ নম্বর।
২. ভর্তি পরীক্ষা ২০১৬ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহ কর্তৃক পরিচালিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।
৩. MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে।
৪. ১০০টি সংক্ষিপ্ত প্রশ্ন থাকবে এবং ২০০ নম্বরের পরীক্ষা হবে। প্রতিটি প্রশ্নের মান ২ এবং পরীক্ষার সময় ১ ঘণ্টা ২০ মিনিট। প্রশ্নের উত্তরের ৪ টি Option থাকবে।
৫. প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে।
৬. পরীক্ষার্থীদের ভর্তি পরীক্ষার উত্তরপত্রে (OMRসীট) ভর্তি পরীক্ষার রোল নম্বরসহ সংশ্লিষ্ট ঘরসমূহ ইংরেজিতে কালো কালির বলপেন দিয়ে লিখতে ও পূরণ করতে হবে। রোল নম্বর ও সেট কোড যথাযথভাবে পূরণ না করলে উত্তরপত্র মূল্যায়ণ করা হবে না।
৭. কোন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে তার ভর্তি পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
৮. OMR সীটে চাহিত তথ্যের বাহিরে অন্য কোন কিছু লেখা যাবে না।
৯. পরীক্ষার হলে পরীক্ষার্থীর সঙ্গে মোবাইল ফোন, কমিউনিকেশন ইলেকট্রনিক ডিভাইজ যথা-সিমযুক্ত ঘড়ি, সিমযুক্ত কলম, যেকোন ধরনের ক্যালকুলেটর ও সিমযুক্ত অন্যান্য ডিভাইজ রাখতে পারবে না। যদি কারো কাছে এ ধরনের ডিভাইজ পাওয়া যায় তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০. পরীক্ষা শুরু হওয়ার পর হতে পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী হল ত্যাগ করতে পারবে না।
১১. OMR সীটের নির্দিষ্ট স্থানে ও হাজিরা সীটে পরীক্ষার্থীকে অবশ্যই স্বাক্ষর করতে হবে।
১২. OMR সীটের নির্দিষ্ট স্থানে হল পরিদর্শীর স্বাক্ষর আছে কিনা তা দেখতে হবে এবং স্বাক্ষর না থাকলে পরীক্ষার্থী হল পরিদর্শীকে অবহিত করবে।
১৩. ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও HSC পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ছাড়া অন্য কোন কাগজপত্র সঙ্গে রাখা যাবে না।
১৪. পরীক্ষা শেষে OMR সীটের সাথে প্রশ্নপত্রও জমা দিতে হবে।
১৫. পরীক্ষার্থীগণ তাদের নির্ধারিত আসনে বসে পরীক্ষা দিবে।
১৬. পরীক্ষা চলাকালীন অন্যের কলম, পেন্সিল, স্কেল, রাবার ইত্যাদি ব্যবহার করা যাবে না।
১৭. পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীদের মধ্যে পারস্পরিক কথা-বার্তা বলা সম্পূর্ণ নিষেধ।
১৮. রাফ করার জন্য অন্য কোন অতিরিক্ত সীট দেওয়া হবে না। প্রয়োজনে প্রশ্নপত্রেই রাফ করতে হবে।
১৯. ভর্তি পরীক্ষার সময় আবেদনকারীর HSC / সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ছবি এবং প্রবেশ পত্রের ছবির সাথে মিলিয়ে পরীক্ষার্থীকে সনাক্ত করতে হবে। কোন গরমিল দেখা গেলে পরীক্ষার্থীকে পরীক্ষার হল থেকে বহিস্কার করা হবে। ভুল তথ্য সরবরাহ করা হলে ভর্তির আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
২০. যে সকল নারী পরীক্ষার্থী হিজাব ব্যবহার করেন, সগাঙ্করণের সুবিধার্থে হিজাব খুলতে হবে যাতে কানসহ সম্পূর্ণ মুখমন্ডল দেখা যায়।
২১. পরীক্ষা কেন্দ্রে মোবাইল কোট অবস্থান করবে। কোন ধরনের অসদুপায় অবলম্বনকারীকে তাৎক্ষণিকভাবে মোবাইল কোর্টে হস্তান্তর করা হবে।

ভর্তি পরীক্ষার দিন প্রিন্ট করা প্রবেশপত্র ও HSC বা সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি এবং উভয়টার একটি করে ফটোকপি অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে। অন্যথায় পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।